

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
বিবিএস সার্ভে, ডাটা সার্ভিস এন্ড সার্টিফিকেট ম্যানেজমেন্ট বিষয়ক কার্যক্রম  
পরিসংখ্যান ভবন  
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।  
[www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd)

স্মারক নং-৫২.০১.০০০০.২১৮.০৭.০০২.২১. ৬৭

তারিখঃ ১৪ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ  
১৭ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ


**কোটেশন বিজ্ঞপ্তি**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক “বিবিএস সার্ভে, ডাটা সার্ভিস এন্ড সার্টিফিকেট ম্যানেজমেন্ট” শীর্ষক কার্যক্রমের মাধ্যমে BBS Survey, Data Service and Certificate Management Software প্রণয়নের মাধ্যমে ই-সার্ভিস বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত কম্পিউটার সামগ্রী ক্রয়ের জন্য প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ পূর্বক কোটেশন দরপত্র আহ্বান করা যাচ্ছে।

SL.No.	Description	Qty
1)	Desktop Computer	01 (one)
2)	Laptop	01 (one)
3)	Flat Bed Scanner	01 (one)
4)	HP Tape Cartridge 4TB for Data Backup	03 (three)
5)	Digital External Hard Drive 8 TB portable	02 (two)

**শর্তাবলীঃ**

১. বিস্তারিত বিবরণ সম্বলিত কোটেশন সিডিউল ফোকাল পয়েন্ট কর্মকর্তা, “বিবিএস সার্ভে, ডাটা সার্ভিস এন্ড সার্টিফিকেট ম্যানেজমেন্ট” শীর্ষক কার্যক্রম, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন (তৃতীয় তলা, ব্লক-এ, কক্ষ নং-৩১০), ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭ এর দপ্তর হতে আগামী ২৮-০২-২০২২ হতে ০৬-০৩-২০২২ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সংগ্রহ করা যাবে।
২. কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সর্বশেষ ০৭-০৩-২০২২ তারিখ দুপুর ১২:৩০ ঘটিকা পর্যন্ত জমা প্রদান করা যাবে এবং একই দিন দুপুর ৩.৩০ ঘটিকায় টেন্ডার মূল্যায়ন কমিটির সদস্যবৃন্দের উপস্থিতিতে প্রাপ্ত কোটেশন মূল্যায়নের নিমিত্তে উপস্থাপন করা হবে।
৩. কোটেশনের সাথে হালনাগাদকৃত ট্রেড-লাইসেন্স, টিআইএন নম্বর এবং ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র (১০ ডিজিট) সত্যায়িত কপি দাখিল করতে হবে।
৪. কার্যাদেশ প্রাপ্তির অনূর্ধ্ব ৭(সাত) কর্মদিবসের মধ্যে কার্যাদেশে বর্ণিত মালামালগুলো সরবরাহ করতে হবে।
৫. সরবরাহকৃত মালামালে কোন প্রকার ত্রুটি/সমস্যা দেখা দিলে নিজ খরচে ত্রুটিমুক্ত অথবা প্রয়োজনে সম্পূর্ণ নতুনভাবে মালামাল সরবরাহ করতে হবে, তজ্জন্য নতুন কোন বিল দাবী করা যাবে না।
৬. ইচ্ছুক দরদাতা প্রতিষ্ঠান একটি কোটেশন দলিলে বিকল্প দর প্রদান করতে পারবে না।
৭. প্রচলিত হারে আয়কর, ভ্যাট ইত্যাদি কর্তন পূর্বক চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, হিসাব ভবন (৪র্থ তলা), সেগুন বাগিচা, ঢাকা কে ইস্যুকৃত চেকের মাধ্যমে দাবীকৃত বিল পরিশোধ করা হবে। মালামাল সরবরাহ করে ৩ কপি চালান ও বিল (মূল কপি) দাখিল করতে হবে।
৮. কোন প্রকার কারণ প্রদর্শন ছাড়াই যে কোন কোটেশন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

  
(মোঃ এমদাদুল হক)  
পরিচালক  
ফোন: ০২৫৫০০৭০৬৮  
ই-মেইল: emdad0072@gmail.com

**বিতরণঃ**

- ১) পরিচালক, কম্পিউটার উইং (বিবিএস এর ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ২) প্রধান প্রশাসনিক কর্মকর্তা, স্পারসো, আগারগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তি প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ৩) প্রতিষ্ঠানের নাম -----
- ৪) বাংলাদেশ সচিবালয়ের সকল গেইট।
- ৫) পরিকল্পনা মন্ত্রণালয়ের গেইট/নোটিশ বোর্ড।
- ৬) এলজিইডি গেইট/নোটিশ বোর্ড।
- ৭) পরিসংখ্যান ভবনের নোটিশ বোর্ড ১/২।
- ৮) সদস্য সচিব, দরপত্র ইভালুয়েশন কমিটি, বিবিএস, পরিসংখ্যান ভবন, ঢাকা।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

- ১) স্টাফ অফিসার, মহাপরিচালক মহোদয়ের কার্যালয়, বিবিএস, ঢাকা।
- ২) অফিস কপি।